গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
**(মার্কেটিং শাখা)**
মেট্রোরেল ভবন, এমআরটি লাইন-৬ ডিপো
সোনারগাঁও জনপথ, সেক্টর: ১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd

স্মারক নং:৩৫.০৫.০০০০.০০০.০৪০.১৮.০০০৬.২৫-১৭৮

তারিখ: ২২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৫ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**১৬টি মেট্রোরেল স্টেশনের প্ল্যাটফর্মের নির্ধারিত স্থানে অবস্থিত ৩৪টি পাবলিক টয়লেট-এর স্পেস ভাড়া/ইজারার বিজ্ঞপ্তি**

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় পরিচালনাধীন এমআরটি লাইন-৬ এর উত্তরা উত্তর হতে মতিঝিল পর্যন্ত মোট ১৬টি মেট্রোরেল স্টেশনের প্ল্যাটফর্মের নির্ধারিত স্থানে অবস্থিত ৩৪টি পাবলিক টয়লেট (উত্তরা উত্তর স্টেশনে ৪টি ও অন্যান্য স্টেশনে ২টি করে) **"ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা ২০২৩ (১ম সংশোধনীসহ)"** অনুযায়ী স্পেস ভাড়া/ইজারা প্রদান করা হবে। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর থেকে **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**-এর অনুকূলে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) প্রদানপূর্বক আবেদনপত্র সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। বিস্তারিত তথ্যের জন্য অফিসের ওয়েবসাইট (www.dmtcl.gov.bd) ভিজিট করুন।

| | | |
|---|---|---|
| আবেদনপত্র সংগ্রহের সময় ও স্থান | : | **০৮/০৪/২০২৬ হতে ২৯/০৪/২০২৬** তারিখ পর্যন্ত (অফিস চলাকালে); রুম নম্বর: ৩১৯, লেভেল-৩, মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০। |
| আবেদন দাখিল পূর্ববর্তী ব্রিফিং সভার সময়, স্থান ও সাইট ভিজিট | : | **১৬/০৪/২০২৬** তারিখ, সকাল ১০:০০ ঘটিকা; ডিএমটিসিএল সম্মেলন কক্ষ (লেভেল-৫), মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০। |
| আবেদনপত্র দাখিলের তারিখ, সময় ও স্থান | : | **৩০/০৪/২০২৬** তারিখ, সকাল ০৯:০০ ঘটিকা হতে বিকাল ০৩:০০ ঘটিকা পর্যন্ত; ফ্রন্ট ডেস্ক, মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০। |
| আবেদনপত্র উন্মুক্তকরণের তারিখ, সময় ও স্থান | : | **৩০/০৪/২০২৬** তারিখ, বিকাল ০৩:৩০ ঘটিকা; ডিএমটিসিএল সম্মেলন কক্ষ (লেভেল-৫), মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০। |

05/04/26

(এ, কে, এম, খায়রুল আলম)
পরিচালক (প্রশাসন)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ফোন: +৮৮০২-৫৫৬৬৯০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
**(মার্কেটিং শাখা)**
মেট্রোরেল ভবন, এমআরটি লাইন-৬ ডিপো,
সোনারগাঁও জনপথ, সেক্টর: ১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd

**১৬টি মেট্রোরেল স্টেশনের প্ল্যাটফর্মের নির্ধারিত স্থানে অবস্থিত ৩৪টি পাবলিক টয়লেট-এর স্পেস ভাড়া/ইজারা প্রদানের শর্তাবলী**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ | **বিজ্ঞপ্তি নম্বর** | : | ৩৫.০৫.০০০০.০০০.০৪০.১৮.০০০৬.২৫-১৭৮ | | |
| ২ | ভাড়ার স্থানসমূহ | : | **উত্তরা উত্তর হতে মতিঝিল পর্যন্ত মোট ১৬টি মেট্রোরেল স্টেশনের প্ল্যাটফর্মের নির্ধারিত স্থানে অবস্থিত ৩৪টি পাবলিক টয়লেট** | | |
| ৩ | **প্যাকেজ নম্বর, শিরোনাম ও বিবরণ** | : | **প্যাকেজ নম্বর** | **প্যাকেজের শিরোনাম** | **প্যাকেজের বিবরণ** |
| | | | ডিএমটিসিএল/পাবলিক টয়লেট/২০২৬/ইজারা/০১ | ১৬টি মেট্রোরেল স্টেশনের প্ল্যাটফর্মের নির্ধারিত স্থানে অবস্থিত পাবলিক টয়লেট এর স্পেস ভাড়া/ইজারা প্রদান | উত্তরা উত্তর হতে মতিঝিল পর্যন্ত মোট ১৬টি মেট্রোরেল স্টেশনের **প্ল্যাটফর্মের নির্ধারিত স্থানে অবস্থিত ৩৪টি পাবলিক টয়লেট** এর স্পেস ভাড়া/ইজারা প্রদান |
| ৪ | ভাড়ার মেয়াদ | : | প্রাথমিকভাবে ভাড়া/ইজারার চুক্তির মেয়াদ হবে ০২ (দুই) বছর। তবে কর্তৃপক্ষ কর্তৃক পুনঃনির্ধারিত হারে ভাড়া প্রদানে ভাড়া/ইজারা গ্রহীতার সম্মতি সাপেক্ষে ও ক্ষেত্র বিশেষে নতুন শর্তসাপেক্ষে বছরভিত্তিক সর্বোচ্চ ০৩(তিন) বার নবায়নযোগ্য; | | |
| ৫ | আবেদন সংগ্রহের তারিখ | : | **০৮/০৪/২০২৬ হতে ২৯/০৪/২০২৬** তারিখ পর্যন্ত (অফিস চলাকালে); | | |
| ৬ | আবেদনপত্রের মূল্য | : | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর অনুকূলে ৫,০০০/-(পাঁচ হাজার) টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য) পরিশোধ করে আবেদনপত্র সংগ্রহ করতে হবে; | | |
| ৭ | ভাড়া গ্রহীতা নির্বাচন পদ্ধতি | : | উন্মুক্ত প্রতিযোগিতামূলক দরপত্র পদ্ধতিতে ভাড়া/ইজারা গ্রহীতা নির্বাচন করা হবে; | | |
| ৮ | আবেদনপত্র সংগ্রহের স্থান | : | মেট্রোরেল ভবন, লেভেল-৩, কক্ষ নম্বর-৩১৯, সোনারগাঁও জনপথ, সেক্টর- ১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০; | | |
| ৯ | আবেদন দাখিল পূর্ববর্তী ব্রিফিং সভার তারিখ, সময়, স্থান ও সাইট ভিজিট | : | **১৬/০৪/২০২৬** তারিখ, সকাল ১০:০০ ঘটিকা; ডিএমটিসিএল সম্মেলন কক্ষ (লেভেল-৫), মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০; | | |
| ১০ | আবেদনপত্র দাখিলের তারিখ, সময় ও স্থান | : | **৩০/০৪/২০২৬** তারিখ, সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ০৩:০০ ঘটিকা পর্যন্ত; ফ্রন্ট ডেস্ক, মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০; | | |
| ১১ | আবেদনপত্র উন্মুক্তকরণের তারিখ, সময় ও স্থান | : | **৩০/০৪/২০২৬** তারিখ, বিকাল ০৩:৩০ ঘটিকা; ডিএমটিসিএল সম্মেলন কক্ষ (লেভেল-৫), মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০; | | |
| ১২ | আগ্রহী প্রতিষ্ঠানের ন্যূনতম যোগ্যতা | : | আগ্রহী ভাড়াগ্রহীতার নিম্নলিখিত ন্যূনতম যোগ্যতাসমূহ থাকতে হবে এবং আবেদনপত্র দাখিলের সময় সংযুক্ত করতে হবে:<br>ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স; খ) আয়কর পরিশোধের হালনাগাদ প্রমাণক; গ) VAT রেজিস্ট্রেশন সার্টিফিকেট; ঘ) সর্বশেষ ০৩ (তিন) মাসের ব্যাংক লেনদেনের বিবরণী ঙ) পাবলিক টয়লেট পরিচালনায় ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা; ও চ) স্মার্ট পাবলিক টয়লেট পরিচালনায় ০১ বছরের অভিজ্ঞতা; | | |

| | | | |
|---|---|---|---|
| ১৩ | প্রস্তাব জামানত | : | **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**-এর অনুকূলে বাংলাদেশের যেকোনো তফসিলি ব্যাংক হতে ০১ (এক) লক্ষ টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে, যা ফেরতযোগ্য; |
| ১৪ | নিরাপত্তা জামানত | | নির্বাচিত প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের ৭ (সাত) দিন পূর্বে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর অনুকূলে বার্ষিক চুক্তি মূল্যের ১৫% নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে। উক্ত নিরাপত্তা জামানত পে-অর্ডার/নির্ধারিত ব্যাংক হিসাবে প্রদান করতে হবে। চুক্তি মেয়াদ শেষে (প্রযোজ্য ক্ষেত্রে কোনো প্রয়োজনীয় পাওনা আদায় সাপেক্ষে) উক্ত জমাকৃত অর্থ ফেরত প্রদান করা হবে। |
| ১৫ | চূড়ান্তভাবে প্রতিষ্ঠান নির্বাচন ও চুক্তি সম্পাদন | : | সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠানকে এই বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ সাপেক্ষে চুক্তি স্বাক্ষরের জন্য চূড়ান্তভাবে নির্বাচন করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠান আমন্ত্রণপত্রে উল্লিখিত তারিখে/তারিখের মধ্যে চুক্তি সম্পাদনে ব্যর্থ হলে উক্ত প্রতিষ্ঠানের জামানত বাজেয়াপ্তসহ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে এবং পর্যায়ক্রমে পরবর্তী সর্বোচ্চ দরদাতাকে চুক্তি সম্পাদনের জন্য আহ্বান করা হবে অথবা প্রয়োজনে ডিএমটিসিএল-এর সর্বোচ্চ স্বার্থ রক্ষা নিশ্চিত করার জন্য দরপ্রস্তাবকারী প্রতিষ্ঠানসমূহের সাথে Negotiation-পূর্বক চূড়ান্তভাবে প্রতিষ্ঠান নির্বাচন করা হবে অথবা পুনঃবিজ্ঞপ্তি জারী করা হবে; |
| ১৬ | আধুনিকতা ও নান্দনিকতা | : | আধুনিক, মানসম্মত, ইউজার-ফ্রেন্ডলি ও স্মার্ট ব্যবস্থাপনায় পাবলিক টয়লেট পরিচালনা করতে হবে। অর্থাৎ টেকনোলজি-নির্ভর পরিচালন ব্যবস্থা ও কার্যকর কোয়ালিটি কন্ট্রোল (Quality Control) ব্যবস্থা বিদ্যমান থাকাসহ তা বাস্তবায়নের সক্ষমতা থাকতে হবে। পাবলিক টয়লেট এর অভ্যন্তরীণ ডেকোরশনের ক্ষেত্রে নান্দনিকতাকে প্রাধান্য দিতে হবে; |
| ১৭ | অগ্রিম ভাড়া | | নির্বাচিত প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের ন্যূনতম ০৭ (সাত) দিন পূর্বে এককালীন ০১ (এক) বছরের ভাড়া ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড-এর অনুকূলে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে পরিশোধ করতে হবে। একইসঙ্গে ভাড়া গ্রহীতাকে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট, আয়কর বা সরকারি অন্যান্য ফি ডিএমটিসিএল-এর অনুকূলে ট্রেজারি চালানের মাধ্যমে পরিশোধ করে প্রমাণক দাখিল করতে হবে। |
| ১৮ | **অন্যান্য শর্তাবলী:** | | |
| ১৮.১ | নির্ধারিত আবেদন ফরম মোতাবেক ভাড়া গ্রহণে আগ্রহী প্রতিষ্ঠানকে তার নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন করতে হবে; | | |
| ১৮.২ | আগ্রহী প্রতিষ্ঠানকে আবেদনের সাথে জমাকৃত সকল দলিলাদির প্রতি পাতায় স্বাক্ষর করতে হবে; | | |
| ১৮.৩ | আগ্রহী প্রতিষ্ঠানকে প্রতিষ্ঠানের নাম, অফিসের ঠিকানা, ফোন/মোবাইল নম্বর, ইমেইল নম্বর ইত্যাদি অবশ্যই সংশ্লিষ্ট খামের উপর উল্লেখ করতে হবে; | | |
| ১৮.৪ | আগ্রহী প্রতিষ্ঠানকে নির্ধারিত আবেদন ফর্মে ১৬ টি মেট্রোরেল স্টেশনের প্ল্যাটফর্মের নির্ধারিত স্থানে অবস্থিত ৩৪টি পাবলিক টয়লেট ভাড়া/ইজারার জন্য আবেদন করতে হবে; | | |
| ১৮.৫ | **আগ্রহী প্রতিষ্ঠানকে নির্ধারিত আবেদন ফর্মে প্রস্তাবিত বার্ষিক ভাড়ার পরিমাণ (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) উল্লেখ করতে হবে;** | | |
| ১৮.৬ | যে কোনো যৌক্তিক কারণে কর্তৃপক্ষ পুনঃদরপ্রস্তাব (Revised Price Quotation) আহবান করতে পারবে; | | |
| ১৮.৭ | মূল্যায়ন প্রক্রিয়ায় চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের আমন্ত্রণ জানানোর পূর্বে উক্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত কাগজপত্রাদি যাচাই-বাছাই করা হবে। যাচাই-বাছাইকালে কোনো জাল-জালিয়াতি পরিলক্ষিত হলে প্রস্তাব বাতিল বলে গণ্য হবে এবং প্রস্তাব জামানত বাজেয়াপ্ত করাসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে; | | |
| ১৮.৮ | আবেদনপত্রে ভাড়া/ইজারা দরপ্রস্তাবের উল্লিখিত স্থানে গাণিতিক ভুল যথা: একক মূল্য অংক এবং কথায়-এর মধ্যে ভিন্নতা পাওয়া গেলে কথায় লেখাকে সঠিক বলে ধরে নেওয়া হবে; | | |
| ১৮.৯ | আবেদনপত্রে ও চুক্তিপত্রে উল্লিখিত শর্তাবলী ছাড়াও ডিএমটিসিএল-এর ভাড়া/ইজারা নীতিমালা ২০২৩ (১ম সংশোধনীসহ) এবং পরবর্তিতে অনুরূপ কোনো সংশোধনী হলে তাতে উল্লিখিত শর্তাবলীও সমভাবে প্রযোজ্য হবে; | | |

| | |
|---|---|
| ১৮.১০ | প্রতি বছর ভাড়া পূর্ববর্তী বছরের ভাড়ার উপর ৫% চক্রবৃদ্ধি হারে বৃদ্ধি পাবে। এছাড়া নবায়নের ক্ষেত্রেও একইভাবে প্রতি বছর ভাড়া পূর্ববর্তী বছরের ভাড়ার উপর ৫% চক্রবৃদ্ধি হারে বৃদ্ধি পাবে; |
| ১৮.১১ | ভাড়া/ইজারা গ্রহীতাকে পাবলিক টয়লেট নিজ খরচে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং মানসম্পন্ন ক্লিনিং ম্যাটেরিয়াল ব্যবহার করতে হবে। এছাড়া টয়লেট পরিচালনা ও রক্ষণাবেক্ষণের যাবতীয় কার্যক্রম নিজ খরচে ও ব্যবস্থাপনায় নিশ্চিত করতে হবে; |
| ১৮.১২ | ভাড়া/ইজারা গ্রহীতা টয়লেটের সম্মুখে নামফলক ব্যানার স্থাপন করতে পারবে এবং উক্ত নামফলক ব্যানারে বিজ্ঞাপন প্রদর্শন করতে পারবে; |
| ১৮.১৩ | সকল যোগাযোগ লিখিত আকারে হতে হবে এবং ইহা পত্রযোগে বা ই-মেইল এর মাধ্যমে হবে; |
| ১৮.১৪ | চূড়ান্ত নির্বাচিত প্রতিষ্ঠানকে সংযুক্ত খসড়া চুক্তি অনুযায়ী চুক্তি সম্পাদন করতে হবে; |
| ১৮.১৫ | নিম্নোক্ত কারণসমূহের জন্য প্রস্তাব জামানত বাজেয়াপ্ত করা হবে:<br>ক) উন্মুক্তকরণের পরে কোনো প্রতিষ্ঠান দাখিলকৃত প্রস্তাব প্রত্যাহার করলে;<br>খ) দর প্রস্তাবের গাণিতিক ভুল সংশোধনে অস্বীকৃতি জানালে;<br>গ) চুক্তি স্বাক্ষরের আমন্ত্রণপত্র জারীর পরে নির্ধারিত সময়ে নিরাপত্তা জামানত এবং ১ বছরের ভাড়া প্রদানে ব্যর্থ হলে;<br>ঘ) চুক্তি স্বাক্ষরে ব্যর্থ হলে;<br>ঙ) কোনোরূপ জাল জালিয়াতি প্রমানিত হলে; |
| ১৮.১৬ | কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ছাড়াই যেকোন সময় যেকোনো ভাড়ার প্রস্তাব/বিজ্ঞপ্তি সংশোধন, বাতিল বা পুনঃবিজ্ঞপ্তি প্রদানের অধিকার সংরক্ষণ করে। |

০৫/০৪/২৩

(এ, কে, এম, খায়রুল আলম)
পরিচালক (প্রশাসন)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ও
আহ্বায়ক
বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা কমিটি
ফোন: +৮৮০২-৫৫৬৬৯০১২